# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন, ধানমন্ডি, ঢাকা-১২০৫

ফ্যাক্স ঃ ৮৬৫০৮৮৩, ওয়েবসাইট ঃ www.ntrca.gov.bd

স্মারক নং-বেশিনিক/পমূপ্র/পরীক্ষা-২০০৮/১২৯/ তারিখ ঃ আগস্ট ২০১০ খ্রিঃ

## ৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০

## বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের জন্য শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৯-এ অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করছে ঃ

| শিক্ষা প্রতিষ্ঠান | **পদের নাম** | **বিষয়** | **প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা** |
|---|---|---|---|
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/মাদরাসা | সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. সমাজ বিজ্ঞান ৮. সমাজ কল্যাণ/ সমাজ কর্ম ৯. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১০. গার্হস্থ্য অর্থনীতি ১১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশি-ষ্ট বিষয়োতকসহ বিএড। অথবা ২. সংশি-ষ্ট বিষয়সহাতক ডিগ্রী। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। (বাংলা/ইংরেজি বিষয়ের ক্ষেত্রোতক পর্যায়ে ৩০০ নম্বর পঠিত থাকতে হবে)। |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক, সাধারণ বিষয় (ভাষা) | ১. বাংলা ২. ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে াতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ইংরেজিসহাতক ডিগ্রী এবং বিএড। অথবা ২াতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ইংরেজিসহাতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক (গণিত ) | ১. গণিত | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগোতক ডিগ্রী এবং বিএড। অথবা ২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগোতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / মাদরাসা | সহকারী শিক্ষক, (বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান) | ১. পদার্থবিজ্ঞান, ২. রসায়ন, ৩. প্রাণিবিদ্যা, ৪. উদ্ভিদবিজ্ঞান ৫. গণিত | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগোতকসহ বিএড অথবা ২. বিজ্ঞান বিভাগোতক। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা সহকারী শিক্ষক (কৃষি) পদের জন্য আবেদনকারীকে Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের** ঘরে **কৃষি শিক্ষা** লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন **কৃষি শিক্ষা** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কৃষি শিক্ষা** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। | বিএসসি (কৃষি/কৃষি অর্থনীতি/মৎস্য বিজ্ঞান/ পশুপালন/ কৃষি প্রকৌশল /উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান); অথবা, ডিভিএম; অথবা, ন্যূনতম ৩ বছর মেয়াদি কৃষি ডিপে-ামা; |
| | সহকারী শিক্ষক (কম্পিউটার) | কম্পিউটার শিক্ষা সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের জন্য আবেদনকারীকে Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের** ঘরে **কম্পিউটার শিক্ষা** লিখতে হবে এবং স্নাতক পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন **কম্পিউটার শিক্ষা** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার শিক্ষা** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। | কম্পিউটার বিজ্ঞানোতক/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতোতক ডিগ্রীসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম শিক্ষা | ১. কামিল/সমমান ডিগ্রী। অথবা ২. ফাজিল ডিগ্রী। (সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| মাদরাসা | সহকারী মৌলভি | | |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | সহকারী শিক্ষক (ধর্ম) | হিন্দু ধর্ম শিক্ষা/বৌদ্ধধর্ম শিক্ষা/খ্রিস্টধর্ম | সংশি-ষ্ট ধর্মীয় বিষয়সহ ২য় শ্রেণীরাতক ডিগ্রী। (সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| সংযুক্ত এবতেদায়ি মাদরাসা | এবতেদায়ি প্রধান | ইসলাম শিক্ষা | ফাজিল ডিগ্রী। (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | জুনিয়র মৌলভি | কুরআন ও তাজবীদ/ফিক্‌হ ও আরবি | আলিম ডিগ্রী। (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | জুনিয়র শিক্ষক (সাধারণ) | ভাষা | উচ্চ মাধ্যমিক/সমমান। (সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | ক্বারি | কুরআন ও তাজবীদ/ফিক্‌হ ও আরবি | ২য় বিভাগে দাখিল মুজাব্বিদ। |

| শিক্ষা প্রতিষ্ঠান | পদের নাম | বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা | সহকারী শিক্ষক (শরীর চর্চা) | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত।<br>অথবা<br>২. স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| কলেজ | শরীরচর্চা শিক্ষক | | |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | প্রদর্শক | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন ৩. প্রাণিবিদ্যা ৪. উদ্ভিদবিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রী। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। |
| | | ৫. কম্পিউটার<br>[**কম্পিউটার** পদের জন্য প্রার্থীগণ Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার বিজ্ঞান** লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন **কম্পিউটার বিজ্ঞান** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার বিজ্ঞান** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।] | কম্পিউটার বিজ্ঞানে স্নাতক/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান* হতে ন্যূনতম ৬(ছয়) মাসের প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। (সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।) |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | ট্রেড ইন্সট্রাক্টর | ১. এগ্রোবেজড ফুড ২. ফিস কালচার অ্যান্ড ব্রিডিং ৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ৪. ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কালটিভেশন ৫. ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন ৬. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস / ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স ৭. জেনারেল ইলেকট্রনিক্স ৮. অডিও ভিডিও সিস্টেমস ৯. অটোমোটিভ ১০. ফার্ম মেশিনারি ১১. রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ১২. বিল্ডিং মেইনটেন্যান্স ১৩. সিভিল কনস্ট্রাকশন ১৪. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ১৫. জেনারেল মেকানিক্স ১৬. মেশিনটুল অপারেশন/ মেশিনিস্ট ১৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন / ওয়েল্ডিং ওয়ার্কস ১৮. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং | সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/টেকনিক্যাল এডুকেশন/ভোকেশনাল এডুকেশন/সমমান। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। |
| নির্বাচিত মাদরাসায় দাখিল ভোকেশনাল কোর্স | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ১. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ২. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৩. অডিও ভিডিও সিস্টেম ৪. বিল্ডিং মেইনটেনেন্স ৫. জেনারেল মেকানিক্স ৬. জেনারেল ইলেকট্রনিক্স ৭. ফার্ম মেশিনারি | সংশ্লিষ্ট টেকনোলজিতে ১ম বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে। |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ/ মাদরাসা/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ / সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. ইসলাম শিক্ষা ১২. সংস্কৃত ১৩. পদার্থবিদ্যা ১৪. রসায়ন ১৫. গণিত ১৬. প্রানিবিদ্যা ১৭. উদ্ভিদ বিজ্ঞান ১৮. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৯. পরিসংখ্যান ২০. মৃত্তিকা বিজ্ঞান ২১. কৃষি ২২. গার্হস্থ্য অর্থনীতি ২৩. ব্যবস্থাপনা ২৪. হিসাব বিজ্ঞান ২৫. মার্কেটিং ২৬. ফিন্যান্স | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>**অথবা**<br>স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী<br>**অথবা**<br>২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(অন্যান্য স্তরে সমগ্রী শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।) |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা/ উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) | ২৭. কম্পিউটার বিজ্ঞান<br>[**প্রভাষক কম্পিউটার বিজ্ঞান** পদের জন্য প্রার্থীগণ Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে কম্পিউটার বিজ্ঞান** লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন **কম্পিউটার বিজ্ঞান** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার বিজ্ঞান** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।] | দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ৬ মাস মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে;<br>অথবা, কম্পিউটার বিজ্ঞান / কম্পিউটার প্রকৌশলে ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে, সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/ জিপিএ ২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়। |
| | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | ২৮. কম্পিউটার **অপারেশন**<br>[**প্রভাষক কম্পিউটার অপারেশন** পদের জন্য প্রার্থীগণ Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের** ঘরে **কম্পিউটার অপারেশন** লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন **কম্পিউটার অপারেশন** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **কম্পিউটার অপারেশন** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।] | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স এ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমান।<br>অথবা<br>কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এ ১ম বিভাগ। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | প্রভাষক (হিসাব রক্ষণ)<br>প্রভাষক (ব্যাংকিং) | ২৯. হিসাব রক্ষণ ৩০. ব্যাংকিং | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| | প্রভাষক<br>(উদ্যোক্তা উন্নয়ন) | **৩১.** উদ্যোক্তা উন্নয়ন<br>[**প্রভাষক** উদ্যোক্তা উন্নয়ন পদের জন্য প্রার্থীগণ Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের ঘরে** উদ্যোক্তা উন্নয়ন লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর যে বিষয়ই থাকুক না কেন উদ্যোক্তা উন্নয়ন বিষয়ের সিলেবাস অনুসরণ করে উদ্যোক্তা উন্নয়ন ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে।] | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>ব্যাবস্থাপনা বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |

| শিক্ষা প্রতিষ্ঠান | পদের নাম | বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| | প্রভাষক (সাচিবিক বিদ্যা) | ৩১. সাচিবিক বিদ্যা<br>**[প্রভাষক** সাচিবিক বিদ্যা পদের জন্য প্রার্থীগণ Online আবেদনে **ঐচ্ছিক বিষয়ের নামের** ঘরে **সাচিবিক বিদ্যা** লিখতে হবে এবং স্নাতক সম্মান/স্নাতকোত্তর পর্যায়ে তাঁর বিষয় যাই থাকুক না কেন **সাচিবিক বিদ্যা** বিষয়ের সিলেবাস অনুসরণ করে **সাচিবিক বিদ্যা** ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক/পরিসংখ্যান/গণিত/অর্থনীতি বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর।<br>অথবা<br>সংশি-ষ্ট (বাণিজ্যিক/পরিসংখ্যান/গণিত/অর্থনীতি) বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর। (উভয় ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |
| মাদরাসা | প্রভাষক (আরবি) | ৩২. আরবি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয়/মাদরাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীর কামলি ডিগ্রী।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী /ইসলামিক স্টাডিজ এ ৪ বছর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)<br>অথবা<br>সংশি-ষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(অন্যান্য স্তরে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/শ্রেণী /সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে)। |

২. **প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয় এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়সহ মোট ২০০ নম্বরের পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। প্রতি বিষয়ের পাশ নম্বর ৪০। আবশ্যিক বিষয়ের ১০০ নম্বর** MCQ পদ্ধতিতে ১০০টি প্রশ্নের জন্য সময় ১ ঘন্টা এবং ঐচ্ছিক বিষয়ের ১০০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য সময় ৩ ঘন্টা। আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা আগামী ১০ ও ১১ ডিসেম্বর-২০১০ তারিখে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি পরবর্তীতে বিভিন্ন গণমাধ্যমে জানানো হবে।

৩. প্রার্থীকে এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা http://ntrca.teletalk.com.bd গিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।

৪. আগামী ২০/০৯/২০১০ তারিখ হতে ২০/১০/২০১০ তারিখ পর্যন্ত ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করা যাবে। ওয়েবসাইটে পূরণকৃত আবেদনের একটি প্রিন্টকপি বের করে তার সাথে প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে সদস্য, পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), নায়েম ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এর নিকট সরাসরি/ডাকযোগে আগামী ২৫/১০/২০১০ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। খামের উপরে বামপার্শ্বে User Name ও Password Number এবং ডানপার্শ্বে পদের নাম, বিষয়ের নাম ও পরীক্ষা কেন্দ্রের নাম উলে-খ করতে হবে। প্রার্থীদের স্কুল পর্যায়ের আবেদনপত্রের হার্ডকপি হলুদ খামে এবং কলেজ পর্যায়ের আবেদনপত্রের হার্ডকপি খাকি খামে ভরে প্রেরণ করতে হবে।

৫. ইতোপূর্বে অন্য কোন বিষয়ে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যোগ্যতা সাপেক্ষে ৬ষ্ঠ বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ২০১০-এ অংশগ্রহণ করতে পারবেন।

৬. **প্রার্থী তাঁর আবেদনে পরীক্ষা কেন্দ্র হিসেবে যে জেলার নাম উলে-খ করবেন সে জেলার পরীক্ষা কেন্দ্রে তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৭. দেশের পুরাতন বিশটি জেলা শহরে (দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল-া, নোয়াখালী, চট্টগ্রাম , বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটি) ৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮. ওয়েবসাইটে আবেদনের পর প্রত্যেক আবেদনকারীকে একটি Invoice Number প্রদান করা হবে। পরবর্তীতে ঐ Invoice Number দিয়ে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইলের SMS-এর মাধ্যমে পরীক্ষার ফিস বাবদ ৪৩২/- (চারশত বত্রিশ) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হয়ে যাবে। উলে-খ্য যে, টাকা জমা ব্যতীত শুধুমাত্র হার্ডকপির মাধ্যমে আবেদন প্রেরণ করলে তা বাতিল হবে।

৯. পরীক্ষার ফিস প্রদানের পর প্রার্থীকে User Name ও Password SMS-এর মাধ্যমে দেয়া হবে। প্রার্থীকে পরবর্তীতে এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা http://ntrca.teletalk.com.bd-তে ঢুকে User Name ও Password ব্যবহার করে পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নামসহ প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র

প্রাপ্তির সময়সীমা দৈনিক পত্রিকা, এনটিআরসিএ’র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা http://ntrca.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইলে **SMS** -এর মাধ্যমে (শুধুমাত্র বৈধ প্রার্থীকে) জানিয়ে দেয়া হবে।

১০. আবেদনপত্র পূরণের নিয়মাবলি এবং SMS-এর মাধ্যমে পরীক্ষার ফিস প্রদানের নিয়মাবলি এনটিআরসিএ’র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা http://ntrca.teletalk.com.bd-এ পাওয়া যাবে।

১১. পরীক্ষায় অংশ গ্রহণকালে প্রার্থীকে প্রশ্নপত্রে উলি- খিত বিষয় কোড ও প্রবেশপত্রে উলি- খিত রোল নম্বর আবশ্যিক বিষয়ের OMR উত্তরপত্রের এবং ঐচ্ছিক বিষয়ের উত্তরপত্রের OMR-এর ১ম অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে ও সংশি- ষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে।

১২. প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, নিবন্ধন পরীক্ষা বাতিল করা হবে এবং তাঁর বির"দ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্র"তিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দ"ি ত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ড় হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্ড়ের পর দুই বছর অতিক্রান্ড় না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪. উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধন করে ৫ (পাঁচ) বছরের জন্য প্রত্যয়নপত্র প্রদান করা হবে। নিবন্ধিত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদন করার যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

১৫. বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১০-এর বিজ্ঞপ্তি, সিলেবাস ও মানবণ্টন সম্পর্কিত তথ্যাদি এনটিআরসিএ’র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা http://ntrca.teletalk.com.bd-এ পাওয়া যাবে।

১৬. পরীক্ষা সংক্রান্ড় অতিরিক্ত কোন তথ্য NTRCA-এর ৮৬১২৮১০ নম্বর টেলিফোনে জানা যাবে।

১৭. পরীক্ষা সংক্রান্ড় যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ড় চূড়ান্ড় বলে গণ্য হবে।

ছামেনা বেগম
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।